2998

3155

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

Rs.5000

पाँच हजार रुपये

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 618125

Certified that the Endorsement Sheet's and the Signature Sheet's attached to this documents are part of the Document,

Additional District Sub-Registrar
BURDWAN

22 APR 2013

জেলা ও থানা - বর্ধমান

বর্ধমান পৌরসভার অধীনে ভাতছালা মৌজাস্থিত

তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তির ধার্য্যকৃত বাজার মূল্য

৮,০০,০০০ (আট লক্ষ) টাকা এবং

সরকার কর্তৃক ধার্য্যকৃত বাজার মূল্য ১১,৪৫,৪৪৫

(এগার লক্ষ পঁয়তাল্লিশ হাজার চার শত পঁয়তাল্লিশ) টাকা

শ্রী শ্রী গুরুবে নমঃ

দানপত্র গ্রহিত্রী : শ্রীমত্যা অনুরাধা কুন্ডু

স্বামী - স্বর্গীয় নিশীথ কুমার কুন্ডু, জাতি - ভারতীয়, ধর্ম - হিন্দু, পেশা - গৃহস্থালী ও সম্পত্তির উপস্বত্বভোগী, সাকিম - ভাতছালা, মসজিদতলা, পোঃ - শ্রীপল্লী, থানা ও জেলা - বর্ধমান।

ক্রমশ : ....

ক্রমশ : ....

Asok Kumar Kundu

(পত্রাঙ্ক ঃ ২)

**দানপত্র দাতা ঃ শ্রী অশোক কুমার কুন্ডু**

পিতা - স্বর্গীয় শিরিষ চন্দ্র কুন্ডু, জাতি - ভারতীয়, ধর্ম - হিন্দু, পেশা - ব্যবসা, সাকিম - বি-৪, বি.কে. রায় সুপার মার্কেট আরামবাগ, থানা - আরামবাগ, জেলা - হুগলী।

কস্য শুভ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে -

নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি আমি দানপত্র দাতার স্বত্বদখলী সম্পত্তি হইতেছে। আমি উহাতে পূর্বাধিকারীর আমলাবধি দ্বাদশ বৎসরের উর্দ্ধকাল অপরের বিনা সংশ্রবে দখল ব্যবহার মতে এক উৎকৃষ্ঠ স্বাধীন স্বত্ব অর্জ্জন করিয়াছি তপশীল বর্ণিত সম্পত্তির পূর্ব মালিক ছিলেন আছাদ আলি খাঁ মহাশয়। তাঁহার নামে গত সি.এস. স্বত্বলিপির ১১৪/১ নম্বর খতিয়ানে রেকর্ড হইয়াছি। পশ্চাৎ তিনি পরলোকগমন করিলে তাঁহার ত্যক্ত সম্পত্তিতে তাঁহার স্ত্রী আসিমন বিবি এবং একমাত্র কন্যা ফকিরণ বিবি মুসলমান সারা অনুসারে মালিক ও দখলীকার হয়েন।

পশ্চাৎ আসিমন বিবি নিজ ও তাহার নাবালিকা কন্যা ফকিরণ বিবির অভিভাবক স্বরূপে তপশীল বর্ণিত সম্পত্তি গত ইংরাজী ১৯৪৪ সালের ১২১ নম্বর খোস কোবালা দলিল মূলে ওলি মহম্মদ মহাশয়কে হস্তান্তর করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

উক্ত ওলি মহম্মদ মহাশয় তৎকালীন তপশীল বর্ণিত সম্পত্তির উপরিস্বত্বের মালিক মির্জ্জা ফজলুদ্দিন আহম্মদ বেগ মহাশয়ের নিকট হইতে গত ইংরাজী ১৯৪৪ সালে ১১৯ নম্বর ইডেঞ্চার অফ লীজ দলিল মূলে চিরস্থায়ী বন্দোবস্ত লইয়া দখল ব্যবহার করিয়া আসিতে থাকাকালীন ভাতছালা বর্ধমান নিবাসী সেখ গোলাম নবিকে গত ইংরাজী ১৯৪৬ সালের ১২৮৪ নম্বর এবং সেখ মনিরুদ্দিন মহাশয়কে ১২৮৫ নম্বর কোবালা দলিলমূলে হস্তান্তর করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

পশ্চাৎ উক্ত সেখ গোলাম নবি ও সেখ মনিরুদ্দিন মহাশয় তপশীল বর্ণিত সম্পত্তির মালিক ও দখলীকার বিধায় ভোগদখল করিয়া আসিতে থাকাকালীন গত ইংরাজী ১৯৪৭ সালের ৩৩৯৪ নম্বর খোস কোবালা দলিলমূলে সেখ ভোলান আহম্মদ ও উম্মল বরাকাত রাজিয়া খাতুনকে বিক্রয় করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

ক্রমশ ঃ ....

প্রকাশ থাকে যে, তপশীল বর্ণিত সম্পত্তির পূর্ব মালিক আজাদ আলি খাঁ মহাশয়ের ত্যক্ত সম্পত্তি তাঁহার স্ত্রী আসিমন বিবি নিজ পক্ষে এবং নাবালিকা কন্যা ফকিরণ বিবির অভিভাবক বিধায় তপশীল বর্ণিত সম্পত্তির বিক্রয় করিলেও ভবিষ্যত আইনী জটিলতা নিরসন হেতু বর্ধমান জেলা জজ বাহাদুরের আদালতের প্রচারিত ১৯৪৭ সালের ২৫৯ নম্বর এ্যাক্ট এইট মোকর্দ্দমা ও পরবর্তী কালের ১৯৪৮ সালের ৯৭ নম্বর মিস মোকর্দ্দমায় ও ১৯৫১ সালের ১১৩৬ নম্বর মিস মোকর্দ্দমায় প্রচারিত আদেশ অনুসারে নাবালিকা ফকিরণ বিবির পক্ষে তাহার মামা সেখ ইসমাইল গার্জেন নিযুক্ত হইয়া তাহার অবিভক্ত অংশ সেখ মহম্মদ সাদেক ও সেখ আব্দুল হাকিম মহাশয়কে গত ইংরাজী ১৯৪৮ সালের ১৯৭১ নম্বর খোস কোবালা দলিলমূলে এবং পরবর্তীকালে ১৯৫১ সালের ৬৯৭৭ নম্বর খোস কোবালা দলিলমূলে সেখ মহম্মদ সাদেক মহাশয়কে হস্তান্তর করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

উক্ত সেখ ভোলান আহম্মদ, সেখ আব্দুল হাকিম উস্মল বরাকত রাজিয়া খাতুন সেখ মহাম্মদ সাদেক মহাশয়গণ তপশীল বর্ণিত সম্পত্তিতে ষোল আনা অংশে মালিক ও দখলীকার থাকাকালীন গত ইংরাজী ১১/০২/১৯৫২ তারিখে সম্পাদিত ও গত ইংরাজী ১২/০২/১৯৫২ তারিখে বর্ধমান ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১৯৫২ সালের ৩৮৬ নম্বর খোস কোবালা দলিল মূলে আমার  মাতা ঠাকুরানী লাবন্য প্রভা কুন্ডু মহাশয়াকে বিক্রয় করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

প্রকাশ থাকে যে, তপশীল বর্ণিত সম্পত্তি মধ্যে আর.এস.ও সি.এস. ১৩০ দাগের পরিমাণ পরচা ২০ শতক উল্লেখ থাকিলেও মৌজা ম্যাপদৃষ্টে বাস্তবে উক্ত দাগের পরিমাণ ০.১২৫ একর হওয়ায় হাল এল.আর. সেটেলমেন্ট অফিস কর্তৃক সরেজমিনে ও ম্যাপ ডাঁওড়াইয়া উক্ত আর.এস. ও সি.এস. ১৩০ দাগ হাল এল. আর. ৪৮০ দাগের পরিমাণ .০১২৫ একর উল্লেখে লাবণ্য প্রভা কুন্ডু মহাশয়ার নাম বরাবর ১৩১১ নম্বর এল.আর. খতিয়ানে ষোল আনা অংশে লিপিবদ্ধ করিয়াছেন। অনুরূপভাবে আর.এস. ও সি.এস. ১৩১ দাগ সম্পত্তি পরচায় ০২ শতক রেকর্ড থাকিলেও তাহা বাস্তবে .০৯৫ একর থাকায় মৌজা ম্যাপ ডাঁওড়াইয়া ও সরেজমিনে মাপিয়া তাহা হাল এল.আর. ৪৮১ দাগ উল্লেখে লাবণ্য প্রভা কুন্ডু মহাশয়ার নাম বরাবর ষোল আনা অংশে ১৩১১ নম্বর খতিয়ানে লিপিবদ্ধ হইয়াছে।

ক্রমশ : ....

পশ্চাৎ আমার মাতা ঠাকুরানী লাবণ্য প্রভা কুন্ডু মহাশয়া তপশীল বর্ণিত সম্পত্তির মালিক ও দখলীকার বিধায় পরলোকগমন করিলে তাহার ত্যক্ত সম্পত্তি তাঁহার চার পুত্র যথাক্রমে নিশীথ কুমার কুন্ডু, শিশির কুন্ডু, মিহির কুন্ডু ও আমি দানপত্র দাতা এবং চার কন্যা যথাক্রমে আভারানী সাহা, নমিতা কুন্ডু , শোভারাণী সাহা এবং বেলারাণী সাহা হিন্দু উত্তরাধিকার আইনের বিধানানুসারে প্রত্যেকে অবিভক্ত ১/৮ অংশে মালিক ও দখলীকার হয়েন ও হইয়াছি। পশ্চাৎ নিশীথ কুমার কুন্ডু মহাশয় পরলোকগমন করিলে তাহার অবিভক্ত ১/৮ অংশে তোমরা দানপত্র গ্রহিত্রীগণ স্ত্রী ও কন্যা বিধায় মালিক ও দখলীকার হইয়াছ। আভারানী সাহা মহাশয়া পরলোকগমন করিলে তাহার ত্যক্ত অবিভক্ত ১/৮ অংশে তাহার দুই পুত্র যথাক্রমে প্রনব সাহা ও তপন সাহা এবং তিন কন্যা যথাক্রমে স্মৃমি কুন্ডু, প্রীতি কুন্ডু ও জয়শ্রী কুন্ডু মালিক ও দখলীকার হয়েন। নমিতা কুন্ডু মহাশয়া পরলোকগমন করিলে তাহার ত্যক্ত অবিভক্ত ১/৮ অংশে তাহার তিন কন্যা যথাক্রমে মধুমিতা পাল, নন্দিতা গোস্বামী ও বেবী দাস মালিক ও দখলীকার হয়েন। তপশীল বর্ণিত সম্পত্তিতে আমি দানপত্র দাত্রীর অবিভক্ত ১/৮ অংশ আছে।

তুমি দানপত্র গ্রহিত্রী আমার নিকট আত্মীয় হইতেছ এবং তোমার ভক্তি শ্রদ্ধা ও ভালোবাসায় আমি বড়ই প্রীত হইয়া তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার অবিভক্ত ১/৮ অংশ দান করিবার ইচ্ছা প্রকাশ করিলে এবং তুমি আমার উক্ত দান সাদরে গ্রহণ করিতে সম্মত হইলে আমি অত্র দানপত্র দলিল সাক্ষীগণ সাক্ষাতে সম্পাদক পূর্বক প্রকাশ প্রচার ও নিবদ্ধ করিতেছি যে তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যে অবিভক্ত ১/৮ অংশ ছিল বা আছে তাহা অদ্য হইতে আমাতে রদ ও রহিত হইয়া তোমাতে বর্তাইল। তুমি অদ্য হইতে আমার স্বত্বে স্বত্ববান ও দখলীকার হইয়া পুত্র পৌত্রাদী মায় ওয়ারীশন ও স্থলাভিষিক্তগণক্রমে দানবিক্রয়াদি সহ সববিধ হস্তান্তরের ক্ষমতাযুক্তে পরম সুখে যথেচ্ছভাবে ভোগদখল করিবে তাহাতে ভবিষ্যতে আমি বা আমার ওয়ারীশনগণ কেহ কোনপ্রকার দাবী - দাওয়া, ওজর-আপত্ত্য করিব না ও করিতে পারিবে না এবং করিলেও তাহা সদা সর্বদা নাকচ ও নামঞ্জুর হইবে। তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তি আমি ইতিপূর্বে কাহাকেও কোনরূপ হস্তান্তর বা দায়বদ্ধ করি নাই। তাহা এতক্ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে। অতঃপর তুমি আমার বা আমার পূর্বাধিকারীর নাম খারিজ মতে ও নিজ নাম পত্তন মতে তপশীল বর্ণিত সম্পত্তি ভোগদখল করিবে

ক্রমশ ঃ ....

Asok Kumar Kar



ইহাতে লিখিত ও বাচনিক সম্মতি থাকিল ও রহিল।

তপশীল বর্ণিত সমগ্র সম্পত্তির সম্যক বিবরণ অত্র সহ গ্রথিত নক্সায় লাল রঙে রঞ্জিত ও প্রদর্শিত হইতেছে। উক্ত নক্সা অত্র দলিলের সামিল ও একাংশ হইতেছে।

প্রকাশ থাকে যে, তপশীল বর্ণিত সম্পত্তির ধার্য্যকৃত বাজার মূল্য ১১,৪৫,৪৪৫ (এগার লক্ষ পঁয়তাল্লিশ হাজার চার শত পঁয়তাল্লিশ) টাকা হইতেছে এবং তদুপরি স্ট্যাম্প মূল্য ৬৮,৭৩৭ (আটষট্টি হাজার সাত শত সাঁইত্রিশ) টাকা হইতেছে। সময়াভাবহেতু ৫,০০০ (পাঁচ হাজার) টাকার স্ট্যাম্প এবং বক্রী মূল্যের স্ট্যাম্পের পরিবর্তে তাহার ব্যাঙ্কার্স চেকমূলে প্রদত্ত হইতেছে।

আরোও প্রকাশ থাকে যে, দানপত্র দাত্রী ও গ্রহিত্রীর পাশপোর্ট সাইজের ছবি ও দশ আঙ্গুলীর ছাপ অত্র সহ দাখিল হইল এবং তাহা অত্র দলিলের সামিল ও একাংশ হইতেছে।

**এতদর্থে স্বেচ্ছায় সুস্থ শরীরে সরল অন্তঃকরণে অন্যের বিনা প্ররোচনায় অত্র দানপত্র দলিল পাঠ করিয়া জানিয়া ও বুঝিয়া সাক্ষীগণ সাক্ষাতে যথারীতি সম্পাদন করিলাম। নিবেদন ইতি তাং - ইংরাজী ১৯শে এপ্রিল, ২০১৩, বাংলা - ৫ ই বৈশাখ, ১৪২০ সন।**

## ঃ তপশীল ঃ

জেলা বর্ধমান, থানা - বর্ধমান, সাব-রেজিষ্ট্রী অফিস - বর্ধমান, বর্ধমান পৌরসভার অন্তর্গত মৌজা ভাতছালা, জে.এল. নম্বর - ৩৭, সি.এস.ও আর.এস.খতিয়ান নম্বর - ১৯৪/১ (এক শত চুরানব্বই বাটা এক), এল.আর. খতিয়ান নম্বর - ১৩১১(এক হাজার তিন শত এগারো)।

| সি.এস.ও আর.এস. দাগ | এল.আর. দাগ | রকম | পরিমাণ |
|---|---|---|---|
| ১৩০ (এক শত ত্রিশ) | ৪৮০ (চার শত আশি) | বাস্তু | ০.১২৫ একর |
| ১৩১ (এক শত একত্রিশ) | ৪৮১ (চার শত একাশি) | বাস্তু | ০.০৯৫ একর |
| | | মোট | ০.২২০ একর |

Asit Hazra Adv.

যাহা অত্র সহ গ্রথিত নক্সায় লাল রঙে রঞ্জিত ও প্রদর্শিত হইতেছে তন্মধ্যে দানকৃত সম্পত্তির পরিমাণ অবিভক্ত ১/৮ অংশে সি.এস. ও আর.এস. ১৩০,

ক্রমশ ঃ ....

Asok Kumar Kundu

(পত্রাঙ্ক : ৬)

হাল এল.আর. ৪৮০ দাগে অবিভক্ত ৬৮৩ (ছয়শত তিরাশি) বর্গফুট এবং সি.এস. ও আর.এস. ১৩১, হাল এল. আর. - ৪৮১ দাগে অবিভক্ত ৫১৭.৫ (পাঁচ শত সতের দশমিক পাঁচ) বর্গফুট একুনে মোট অবিভক্ত ১২০০.৫ (এক হাজার দুই শত দশমিক পাঁচ) বর্গফুট এবং অপর ইজমেন্ট স্বত্বাদীসহ।

জমিদার পশ্চিমবঙ্গ সরকার বাহাদুর পক্ষে বি.এল.এ্যান্ড এল.আর.ও. বর্ধমান। খাজনা হারাহারী মতে দেয়।

আমি এই দান স্বানন্দে গ্রহণ করিলাম।

Anuradha Kundu

দানপত্র গ্রহিত্রী

কৈ:- অত্র দলিলের ২য় পৃষ্ঠায় "তিরিশ" কথাটি কালো কালিতে কাটিয়া তোলাপাঠে "ত্রিশ" কথাটি লিখিত আছে। Asok Kumar Kundu.

ইসাদী —

১। Sudip Chakraborty
Mehedi Bagan Burdwan

২। Alok Chatterjee
S/o LT. Ajit Chatterjee
Vill + P.o. Oari
P.S. Khandaghosh
Dist - Burdwan

আমার দ্বারা মুসাবিদা করা হইল —

Surajit Hazra

(শ্রী সুরজিৎ হাজরা)

কৌঁসুলী


বর্ধমান জেলা জজ আদালত, বর্ধমান

এনরোলমেন্ট নং - এফ ৯৭০/৯১৪ অফ ২০০১

কম্পিউটারাইজড টাইপকারক : —

(শ্রী সন্দীপ রায়)

সলিউশানস্, বর্ধমান কোর্ট কম্পাউন্ড (দক্ষিণ), বর্ধমান

| বাম হাতের পাঁচ আঙুলের ছাপ | কনিষ্ঠা | অনামিকা | মধ্যমা | তর্জনী | বৃদ্ধাঙ্গুল |
|---|---|---|---|---|---|
| |  | | | | |
| **ডান হাতের পাঁচ আঙুলের ছাপ** | **বৃদ্ধাঙ্গুল** | **তর্জনী** | **মধ্যমা** | **অনামিকা** | **কনিষ্ঠা** |
| |  | | | | |



Anuradha Kundu

সহি ঃ Anuradha Kundu

| বাম হাতের পাঁচ আঙুলের ছাপ | কনিষ্ঠা | অনামিকা | মধ্যমা | তর্জনী | বৃদ্ধাঙ্গুল |
|---|---|---|---|---|---|
| |  | | | | |
| **ডান হাতের পাঁচ আঙুলের ছাপ** | **বৃদ্ধাঙ্গুল** | **তর্জনী** | **মধ্যমা** | **অনামিকা** | **কনিষ্ঠা** |
| |  | | | | |



Asok Kumar Kundu

সহি ঃ Asok Kumar Kundu

Government Of West Bengal

Office Of the A.D.S.R. BURDWAN

District:-Burdwan

## Endorsement For Deed Number : I - 03155 of 2013

(Serial No. 02998 of 2013 and Query No. L000004768 of 2013)

**On 19/04/2013**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 18.00 hrs on :19/04/2013, at the Private residence by Sri Asok Kumar Kundu ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 19/04/2013 by

1. Sri Asok Kumar Kundu, son of Late Srish Chandra Kundu , B - 4, B . K . Roy Supar Market Arambag,, Thana:-Arambag, P.O. :-Not Mentioned, District:-Hooghly, WEST BENGAL, India, , By Caste Hindu, By Profession : Business

Identified By Alok Chatterjee, son of Late Ajit Chatterjee, Oari, Thana:-Khandaghosh, P.O. :-Oari, District:-Burdwan, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: Others

( Prasanta Mukhopadhyay )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

**On 22/04/2013**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(ii), 4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 12602.00/-, on 22/04/2013

( Under Article : A(1) = 12595/- ,E = 7/- on 22/04/2013 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-11,45,445/-

Certified that the required stamp duty of this document is Rs.- 68737 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty

Additional District Sub-Registrar, Burdwan, P.S. + Dist. Burdwan

( Prasanta Mukhopadhyay )
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**



ক্রমশ ৩ ....

Government Of West Bengal
Office Of the A.D.S.R. BURDWAN
District:-Burdwan

## Endorsement For Deed Number : I - 03155 of 2013
## (Serial No. 02998 of 2013 and Query No. L000004768 of 2013)

1. Rs. 40000/- is paid , by the Bankers cheque number 064312, Bankers Cheque Date 19/04/2013, Bank : State Bank of India, BURDWAN, received on 22/04/2013
2. Rs. 23740/- is paid , by the Bankers cheque number 064313, Bankers Cheque Date 19/04/2013, Bank : State Bank of India, BURDWAN, received on 22/04/2013

( Prasanta Mukhopadhyay )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

Additional District Sub-Registrar Burdwan P.S. Dist. Burdwan


( Prasanta Mukhopadhyay )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

S & DIST- BURDWAN, WITHIN BURDWAN MUNICIPALITY, MOUZA- BHATCHALA, JL NO- 37, C.S & R.S KH NO- 194/1, L.R KH NO- 1311.

| C.S & R.S PLOT NO | L.R PLOT NO. | AREA |
|---|---|---|
| 130 | 480 | 0.125 ACRE |
| 131 | 481 | 0.095 ACRE |

WHICH IS SHOWING IN RED COLOUR ▭ OF THE MAP ANNEXED WITH THE DEED OF GIFT OUT OF WHICH GIFTED AREA IN R.S PLOT NO- 130 (L.R PLOT - 480) ADMEASURING 0·01575 ACRE = 683 SFT & IN RESPECT OF R.S PLOT NO- 131 (L.R PLOT - 481), ADMEASURING 0·01195 ACRE = 517.5 SFT. TO THE EXTENT OF 1/8 SHARE IN FAVOUR OF ANURADHA KUNDU, W/O LATE NISITH KUMAR KUNDU, RESIDENT OF BHATCHALA, MASJID TALA, P.O- SRI PALLY, P.S & DIST. BURDWAN.

SCALE:- 20'= 1" (INCH)




K. Karmakar
SURVEYOR
DRAWN BY

Asok Kumar Kundu
SIG. OF DONER

***Certificate of Registration under section 60 and Rule 69.***

Registered in Book - I
CD Volume number 12
Page from 1906 to 1917
being No 03155 for the year 2013.

(Prasanta Mukhopadhyay) 24-April-2013
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A.D.S.R. BURDWAN
West Bengal